

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৬২

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১১৬. আক্রমণের উদ্দেশ্যে ওঁৎ পেতে থাকা

بَابٌ فِي الْكُمنَاءِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، قَالَ: سَمِعْتُ الْبَرَاءَ يُحَدِّثُ، قَالَ: جَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الرُّمَاةِ يَوْمَ أُحُدٍ وَكَانُوا خَمْسِينَ رَجُلًا عَبْدَ اللَّهِ بْنَ جُبَيْرٍ، وَقَالَ: إِنْ رَأَيْتُمُونَا تَخْطِفُنَا الطَّيْرُ، فَلَا تَبْرَحُوا مِنْ مَكَانِكُمْ هَذَا حَتَّى أُرْسِلَ لَكُمْ، وَإِنْ رَأَيْتُمُونَا هَزَمْنَا الْقَوْمَ وَأَوْطَأْنَاهُمْ فَلَا تَبْرَحُوا حَتَّى مَكَانِكُمْ هَذَا حَتَّى أُرْسِلَ اللَّهُ عَلَى الْجَبَلِ، فَقَالَ أُرْسِلَ إِلَيْكُمْ. قَالَ: فَهَزَمَهُمُ اللَّهُ. قَالَ: فَأَنَا وَاللَّهِ رَأَيْتُ النِّسَاءَ يُسْنِدْنَ عَلَى الْجَبَلِ، فَقَالَ أُرْسِلَ إِلَيْكُمْ. قَالَ: فَهَزَمَهُمُ اللَّهُ. قَالَ: فَأَنَا وَاللَّهِ رَأَيْتُ النِّسَاءَ يُسْنِدْنَ عَلَى الْجَبَلِ، فَقَالَ أُرْسِلَ إِلَيْكُمْ. قَالَ: فَهَزَمَهُمُ اللَّهُ. قَالَ: فَأَنَا وَاللَّهِ رَأَيْتُ النِّسَاءَ يُسْنِدْنَ عَلَى الْجَبَلِ، فَقَالَ أَصْحَابُكُمْ وَسُولُ اللَّهِ مِنْ جُبَيْرٍ الْغَنِيمَةَ لَ أَيْ قَوْمِ الْغَنِيمَةَ لَا تَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَ عَبْدُ اللَّهِ بَنُ جُبَيْرٍ أَنْسَلِ الْعَنِيمَةِ، فَأَتُوهُمْ وَصُرُونَ وَاللَّهِ لَنَا اللهُ عَلَيْهِ وَلَالَهُ لَاللهُ عَلَيْهِ وَاللّهِ لَللّهِ لَاللهُ عَلَيْهِ وَاللّهِ لَاللّهُ لَاللهُ عَلَيْهِ وَلَاللهُ لَاللهُ عَلَيْهِ وَلَاللهُ عَلَيْهُ وَلَا لَا اللّهُ لَاللهُ لَا لَا لَكُومُ مِينَ الْعَنِيمَةِ، فَأَتُوهُمْ فَصُرُونَا مُنْهَرْمِينَ

صحيح

বাংলা

২৬৬২। আল-বারাআ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম উহুদের যুদ্ধের দিন 'আব্দুল্লাহ ইবনু জুবাইর (রাঃ)-এর পঞ্চাশজন তীরন্দাজের নেতা নিযুক্ত করলেন। তিনি তাদেরকে সতর্কতামূলক বললেনঃ যদি তোমরা দেখো, পাখি আমাদের মাংস ছিঁড়ে খাচ্ছে, তবুও তোমাদেরকে ডেকে না পাঠানো পর্যন্ত তোমরা এ স্থান ত্যাগ করবে না। আর যদি দেখো, 'আমরা শত্রুদের পরাজিত করেছি, তবুও ডেকে না পাঠানো পর্যন্ত তোমরা তোমাদের স্থান ত্যাগ করবে না। বর্ণনাকারী বলেন, আল্লাহ মুশরিকদের পর্যুদ্ভ করলেন। আল্লাহর শপথ! আমি দেখলাম, শত্রু পক্ষের নারীরা (পালানোর জন্য) পাহাড়ে উঠেছে।



'আব্দুল্লাহ ইবনু জুবায়র (রাঃ)-এর সাথীরা বললো, হে লোকেরা! গানীমাতের মাল সংগ্রহ করো। তোমাদের সাথীরা যুদ্ধে বিজয়ী হয়েছে। এখনও কিসের জন্য অপেক্ষা করছো? একথা শুনে 'আব্দুল্লাহ ইবনু জুবায়র (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ কি তোমরা ভুলে গেছো? তারা বললো, আল্লাহর শপথ! 'আমরা নিশ্চয়ই যাবো এবং গানীমাত সংগ্রহ করবো। তারা চলে গেলো। ফলে তাদের মুখের উপর মারা হলো এবং তারা পরাজিত হলো।[1]

English

Al bara' bin Azib said "On the day of the battle of Uhud the Apostle of Allaah() appointed 'Abd Allaah bin Jubair commander of the archers who were fifty(in number). He said "If you see that the birds are snatching at us, do not move from this place of yours until I send for you and if you see that we defeated the people (the enemy) and trod them down, do not move until I send for you. Allaah then defeated them. He (narrator) said "I swear by Allaah, I saw women ascending the mountain. The companions of 'Abd Allaah bin Jubair said "Booty, O People, booty! Your companions vanquished, for what are you waiting?" 'Ad Allaah bin Jubair said "Have you forgotten what the Apostle of Allaah() had told you?" They said "We swear by Allaah. We shall come to the people and get the booty. So they came to them. Their faces were turned and they came defeated."

ফুটনোট

[1]*.* সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন